

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)

সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)

সিপিটিইউ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

Tel: ৯১৪৪২৫২-৩, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd, Website: www.cptu.gov.bd

স্মারকনং: ২১.০০.০০০০.৩৬৯.৯৯.০৭০.১৮-৬০৭

তারিখ: ১৫/০১/২০১৯

পরিপত্র

বিষয়ঃ ই-জিপি সিস্টেমে পূর্ণাঙ্গ বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি ক্রয় প্রক্রিয়ার প্রথম পর্যায় হল ক্রয় পরিকল্পনা প্রণয়ন, যা পিপিএ ২০০৬ এর ধারা ১১ ও পিপিআর ২০০৮ এর বিধি ১৬(১) অনুযায়ী সকল ক্রয়কারীর জন্য বাধ্যতামূলক।

০২। ই-জিপি সিস্টেমে (online) সরকারি ক্রয় প্রক্রিয়াকরণের ক্ষেত্রে ই-জিপিতেই বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও প্রকাশ করতে হয়। এখন থেকে ম্যানুয়াল (offline) পদ্ধতিতে প্রক্রিয়াকরণের জন্য নির্ধারিত ক্রয় প্যাকেজ/লট ই-জিপি পদ্ধতিতে প্রণীত ক্রয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে। এ জন্য ই-জিপিতে বার্ষিক ক্রয় পরিকল্পনা ফরম্যাটে ম্যানুয়াল পদ্ধতির ক্রয় পরিকল্পনাও অন্তর্ভুক্তির সংস্থান রাখা হয়েছে। ই-জিপি এর বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন মডিউলটি ব্যবহার করে ক্রয়কারীগণ তাঁদের পূর্ণাঙ্গ বার্ষিক ক্রয় পরিকল্পনা (ই-জিপি ও ম্যানুয়াল) প্রণয়ন ও প্রকাশ করতে পারবেন।

০৩। এমতাবস্থায়, ই-জিপি সিস্টেমে নতুন সংযোজিত বার্ষিক ক্রয় পরিকল্পনা মডিউলে ক্রয়কারীগণকে তাঁদের পূর্ণাঙ্গ বার্ষিক ক্রয় পরিকল্পনা (Annual Procurement Plan) প্রণয়ন করার জন্য অনুরোধ করা হল।

স্বাক্ষরিত

(মোঃ ফারুক হোসেন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

সিপিটিইউ, আইএমইডি

পরিকল্পনা মন্ত্রণালয়।

স্মারক নং- ২১.০০.০০০০.৩৬৯.৯৯.০৭০ ১৮-৬০৭


তারিখ: ১৫/০১/২০১৯

বিতরণঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫।
৩. মুখ্য সমন্বয়ক, এসডিজি বিষয়ক, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫।
৪. সিনিয়র সচিব..... মন্ত্রণালয়/বিভাগ।
৫. সচিব মন্ত্রণালয়/বিভাগ।
৬. সদস্য, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে):

১. চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/মহাপরিচালক/সংস্থা প্রধান,
.....
২. ক্রয়কারি সংস্থা ক্রয়কারি সংস্থা (সকল)
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৬. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৭. অফিস কপি/ সার্কুলার ফাইল / গার্ড ফাইল।


(মোঃ মোশাররফ হোসেন)
সিনিয়র সিস্টেম এনালিস্ট
ফোনঃ ৯১৪৪২৫৪